

যুগান্ত

জাবিতে ধর্মঘটে বন্ধ সান্ধ্যকালীন কোর্স

প্রকাশ : ০১ নভেম্বর ২০১৯, ২২:২৭ | অনলাইন সংক্ষেপ

👤 জাবি প্রতিনিধি



জাবিতে সংবাদ সম্মেলনে আন্দোলনকারীরা।

দুর্নীতির অভিযোগে
জাহাঙ্গীরনগর
বিশ্ববিদ্যালয়ের
উপাচার্য অধ্য্যাপক
ফারজানা ইসলামের
আপসারণ দাবিতে
লাগাতার অবরোধ-
ধর্মঘটে বিশ্ববিদ্যালয়ের
সান্ধ্যকালীন ও
সাংগঠিক কোর্সের
কার্যক্রম বন্ধ রয়েছে।

শুক্রবার সকালে
'দুর্নীতির বিরুদ্ধে
জাহাঙ্গীরনগর' ব্যানারে
আন্দোলনরত শিক্ষক-
শিক্ষার্থীরা
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন
একাডেমিক ভবনের
সামনে অবস্থান নেয়।
এতে সাংগঠিক ও
সান্ধ্যকালীন কোর্সের
ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত
হয়ন।

তবে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে সান্ধ্যহিক কোর্সের ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

এর আগে বৃহস্পতিবার আন্দোলনকারীরা শুক্রবার ও শনিবারের সান্ধ্যহিক এবং সান্ধ্যকালীন কোর্সকে ধর্মঘটের আওতায় আনার ঘোষণা দেন। বিশ্ববিদ্যালয়ের ১৫টি বিভাগে চলমান সান্ধ্যকালীন ও সান্ধ্যহিক কোর্সের কয়েকটি বিভাগ আগেই ক্লাস-পরীক্ষা স্থগিত করে।

তবে শুক্রবার অধিকাংশ বিভাগের শিক্ষার্থীদের উপস্থিত হতে দেখা যায়। অপরদিকে আন্দোলনকারীরা সিএসই ভবনের সামনে অবস্থান না নেয়ায় এ বিভাগের ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়া অন্য কোনো কোর্সের শিক্ষার্থীরা ক্লাস-পরীক্ষায় অংশ নিতে পারেনি।

শুক্রবার বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের পুরনো প্রশাসনিক ভবনের সামনে ‘উপাচার্য অপসারণ মঞ্চে’ সংবাদ সম্মেলন করেন আন্দোলনকারীরা। সংবাদ সম্মেলনে পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক জামাল উদ্দিন রঞ্জু বলেন, ‘দুর্নীতির বিরুদ্ধে একটি ন্যায়সংত দাবি নিয়ে আমাদের এ অবরোধ-ধর্মঘটের কার্যক্রম চালিয়ে যাচ্ছি। এতে শিক্ষার্থীদের সাময়িক অসুবিধা হচ্ছে, কিন্তু বিশ্ববিদ্যালয়ের দীর্ঘমেয়াদি মঙ্গলের জন্য সবাইকে এ আন্দোলনে সমর্থন দেয়ার আহ্বান জানাব।’

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলা বিভাগের অধ্যাপক তারেক রেজা, ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক খন্দকার হাসান মাহমুদ, ছাত্র ইউনিয়নের বিশ্ববিদ্যালয় সংসদের সহ-সভাপতি নাইমুল আলম, সমাজতাত্ত্বিক ছাত্র ক্রন্টের (মার্কসবাদী) সাধারণ সম্পাদক সুদীপ্ত দে, বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের আহ্বায়ক শাকিল উজ্জামান প্রমুখ।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।